গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়াকৈর, গাজীপুর ।

বিজ্ঞপ্তি নং - ০৫.৪১.৩৩৩২.০০০.০৫.০০২.২২-১৩০

তারিখ ঃ ২৪/০২/২০২২খ্রি.

**সরকারী জলাশয়/খাস পুকুর ইজারা বিজ্ঞপ্তি (সংশোধিত)**

এতদ্বারা প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি/মৎস্যজীবি সংগঠন/সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধিত (প্রকৃত মৎস্যজীবি যদি থাকে) সংগঠন ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ভূমি মন্ত্রণালয়, সায়রাত-১ অধিশাখার ২৩/০২/২০২২ খ্রি. তারিখে ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২)-৫৪ নং স্মারকের প্রজ্ঞাপন অনুযায়ী গাজীপুর জেলার কালিয়াকৈর উপজেলা প্রশাসনের ব্যবস্থাপনাধীন নিম্ন বর্ণিত ইজারাযোগ্য অনূর্ধ্ব ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল "সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা-২০০৯" এর আলোকে ১৪২৯-১৪৩১ বাংলা সন পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা বন্দোবস্ত প্রদানের নিমিত্ত নিম্নোক্ত শর্তে অনলাইনে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। এই বিজ্ঞপ্তিতে প্রচারিত কোন জলমহালের উপর কোন বিজ্ঞ আদালত/কর্তৃপক্ষ কর্তৃক স্থিতাবস্থা/স্থগিতাদেশ/ নিষেধাজ্ঞার আদেশ আরোপিত হয়ে থাকলে অত্র বিজ্ঞপ্তি সেক্ষেত্রে প্রযোজ্য হবে না।

আবেদন ফরম ক্রয় ও দাখিলঃ জলমহাল ইজারা সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশের নিম্নোক্ত তারিখ অনুযায়ী www.jm.lams.gov.bd ওয়েবসাইটে প্রবেশ করে অনলাইনে আবেদনপত্র দাখিল ও দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি (যাবতীয় কাগজাদিসহ) সীলগালা মুখ বন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিয়াকৈর, গাজীপুর এ দাখিল করতে হবে। জলমহাল ইজারা সংক্রান্ত যাবতীয় তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়/নোটিশ বোর্ড ও ওয়েবসাইট এবং উপজেলা ভূমি অফিস, কালিয়াকৈর, গাজীপুর হতে জানা যাবে।

দরপত্র বিজ্ঞপ্তির সময়সূচী ঃ

| ক্রঃ নং | অনলাইনে আবেদনপত্র দাখিলের তারিখ | অনলাইন আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি (যাবতীয় কাগজাদিসহ) সীলগালা মুখ বন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিয়াকৈর, গাজীপুর জমাদানের তারিখ |
|---|---|---|
| ০১ | ২৩.০২.২০২২ খ্রি.হতে ১০.০৩.২০২২ খ্রি. পর্যন্ত<br>(১০ ফাল্গুন হতে ২৫ ফাল্গুন, ১৪২৮ বঙ্গাব্দ এর মধ্যে) | ১১.০৩.২০২২ খ্রি.হতে১৫.০৩.২০২২ খ্রি. পর্যন্ত<br>(২৬ ফাল্গুন হতে ০১ চৈত্র, ১৪২৮ বঙ্গাব্দ এর মধ্যে) |

**পুকুরের তফসিল ঃ**

| ক্রমিক নং | পুকুরের অবস্থান | মৌজার নাম | দাগ নং | জমির পরিমাণ | সরকারি ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|
| ১. | মৌচাক | ভান্নারা | ৫৬৪/৫৬৫ | ০.৬৪ একর | ৫৩,৫৫০/- |
| ২. | ,, | মাঝুখান | ৫৪০ | ০.৭৯ একর | ৩,৭৩৩/- |
| ৩. | ,, | মাঝুখান | ৫৭৯ | ১.৮৯ একর | ৭৮,৭৫০/- |
| ৪. | ,, | মাঝুখান | ৪২৬ | ১.৪৫ একর | ৪২,০০০/- |
| ৫. | মধ্যপাড়া | উঃ লস্করচালা | ২১৮ | ০.২৯ একর | ১৩৭০/- |
| ৬. | | ,, | ৯০ | ০.৩০ একর | ১,৪১৮/- |
| ৭. | ,, | ,, | ৭৯/৭৮১ | ০.৫০ একর | ৫৫৬৫/- |
| ৮. | ,, | মধ্যপাড়া | ৮১৮ | ১.৬৭ একর | ৩২,০২৫/- |
| ৯. | ,, | ,, | ৭৭১ | ০.৫০ একর | ৫,৬৩২/- |
| ১০. | | কুয়ারচালা | ১৩৮/১৪১ | ২.৯৯ একর | ১,৩১,৮২৮/- |
| ১১. | মৌচাক | কৌচাকুড়ি | ১৮৩৭,১৮৩৮ | ০.৩১ একর | ১,৬১২/- |
| ১২. | ,, | ,, | ১৩৮৫ | ০.৫৮একর | ২,৭৪১/- |
| ১৩. | মৌচাক | ,, | ১২০৬ | ০.৮৪ একর | ৩,৯৬৯/- |
| ১৪. | মৌচাক | ,, | ৯৫৫/৯৫৬ | ১.৭৩ একর | ৮,১৭৬/- |
| ১৫. | ,, | ঐ | ১২৭৩/১২৭৪ | ৩.১১ একর | ১৪,৬৯৫/- |
| ১৬. | ,, | ঐ | ১৯৭৩/১৯৭৪ | ২.৩৫ একর | ১১,১০৪/- |
| ১৭. | ,, | কৌচাকুড়ি | ১২৩৭,১২৩৮ | ০.৬৬ একর | ২৩,১০০/- |
| ১৮. | | ঐ | ৮৮০/৮৮৮/৮৯০ | ১.১৬ একর | ১৫,৭৫০/- |
| ১৯. | ,, | ঐ | ৮৩৮/৮৩৯ | ০.৮৭ একর | ১৬,৮০০/- |
| ২০. | ,, | ঐ | ১৭৭০/১৭৭১ | ০.৯১ একর | ১৫,৭৫০/- |
| ২১. | ,, | ভান্নারা | ৫৯৫ | ০.৭০ একর | ৩,৩০৮/- |
| ২২. | ,, | ,, | ১৮০/১৮১ | ০.৮৯ একর | ২৬,২৫০/- |
| ২৩. | ,, | ,, | ১১২/১১৩ | ১.৪৩ একর | ২৩,১০০/- |
| ২৪. | ,, | ,, | ১৪০/১৪১ | ১.০৪ একর | ৪৮,৩০০/- |
| ২৫. | ,, | ,, | ১১৭/১১৮ | ১.৪৩ একর | ৪৫,১৫০/- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২৬. | ,, | ,, | ২১৩ | ০.৭১ একর | ১৪,১৭৫/- |
| ২৭. | ফুলবাড়ীয়া | খলিশাজানি | ১৮৫৪ | ০.৭৬ একর | ৫৯,৮৫০/- |
| ২৮. | ,, | ,, | ১৩৯২ | ০.৫৩ একর | ২৮,৮৭৫/- |
| ২৯. | ,, | উত্তর শিমুলিয়া | ৭৯৬/১৬৮৫ | ০.৮৫ একর | ৪,০১৭/- |
| ৩০. | মৌচাক | ভান্নারা | ৩২৭ | ২.৪০ একর | ১,১১,৩০০/- |
| ৩১. | বোয়ালী | মধ্যচক | ১৭১০ | ১.৫৬ একর | ১০,৫০০/- |
| ৩২. | | ,, | ৭২৭/৭২৮ | ০.৭২ একর | ৭,১৪০/- |
| ৩৩. | ,, | সোনাতলা | ৫৫৩ | ১.২৫ একর | ৫৫,৬৫০/- |
| ৩৪ | সুত্রাপুর | উত্তর গজারিয়া | ১০৯/১১০ | ২.২৫ একর | ২৫,০০০/- |

## শর্তাবলী ও নিয়মাবলি

১. "সরকারী জলমহাল ব্যবস্থাপনা নীতিমালা ২০০৯ ও ২০১২ (সংশোধিত)"-এর সকল শর্তাদি প্রতিপালন সাপেক্ষে ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

২. আবেদনপত্র অনলাইনে দাখিল করতে হবে www.jm.lams.gov.bd এবং দাখিলকৃত আবেদনপত্রের প্রিন্ট কপি ও অন্যান্য কাগজাদি নির্ধারিত তারিখের মধ্যে জামানতের মূলকপিসহ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিয়াকৈর এ দাখিল করতে হবে।

৩. অনলাইন আবেদনের সাথে সংগঠন/সমিতির নির্বাচিত কমিটি, গঠনতন্ত্রের কপি, ব্যাংক একাউন্টের লেনদেন সংক্রান্ত প্রত্যয়নপত্রসহ প্রয়োজনীয় তথ্য ও সত্যায়িত ছবি সংযোজন করতে হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন সমিতিকে ০৩ (তিন) বছর মেয়াদি লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহালের মৎস্য চাষ/উৎপাদন/সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনা/ রূপরেখা সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরমের সকল তথ্য/অংক, স্পষ্টভাবে লিখতে হবে এবং অনলাইন প্রিন্ট কপির কোন কাটাকাটি, ঘষামাজা গ্রহণ করা হবে না এবং এক্ষেত্রে আবেদন বাতিল বলে গণ্য হবে।

৪. নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি যা সমাজসেবা/সমবায় অধিদপ্তরের নিবন্ধিত সে সমিতি নির্দিষ্ট তীরবর্তী জলমহালের ব্যবস্থাপনার জন্য আবেদন করতে পারবে এবং জলমহালের নিকটবর্তী তীরবর্তী নিবন্ধিত সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবে। কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন/সমিতি আবেদন করতে পারবেনা।

৫. সমিতিতে প্রকৃত মৎস্যজীবি ব্যতীত অন্য কোন সদস্য থাকলে বা কার্যনির্বাহী কমিটিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন তাহলে উক্ত সমিতি আবেদনের যোগ্য হবে না।

৬. প্রকৃত মৎস্যজীবি যারা সমাজসেবা অধিদপ্তর কর্তৃক নিবন্ধিত, যেখানে প্রকৃত মৎস্যজীবি ছাড়া অন্য কোন সদস্য নেই এমন সংগঠন তারাও আবেদনের জন্য উপযুক্ত বলে বিবেচিত হবেন।

৭. প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (পূর্ণ ঠিকানাসহ) এবং নির্বাহী সদস্যদের (পূর্ণ ঠিকানাসহ) সংযুক্ত করে নির্দিষ্ট ফরমে আবেদন দাখিল করতে হবে।

৮. আবেদনকারী কোন মৎস্যজীবি সংগঠন/সমিতিতে যদি এমন কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবি নহেন তাহলে উক্ত সমিতি জলমহাল বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবেন। এ ছাড়া আবেদনকারী মৎস্যজীবি সংগঠন/সমিতি যেগুলো বর্তমানে কার্যকর আছে তার প্রমাণ স্বরূপ জেলা/উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তা (যেখানে যা প্রযোজ্য) কর্তৃক প্রত্যয়নপত্রসহ আবেদনের সাথে দাখিল করতে হবে এবং সাথে বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন/সমিতির জন্য অডিট রিপোর্টের প্রয়োজন হবে না।

৯. মৎস্যজীবি সংগঠন/সমিতিকে যাচাই-বাছাইয়ের ক্ষেত্রে উক্ত সংগঠন/সমিতি কোন জঙ্গি সম্পৃক্ততা থাকলে এবং পূর্বের কোন জলমহালের ইজারা মূল্য পরিশোধে খেলাপি হয়ে থাকলে অথবা জলমহাল সংক্রান্ত কোন সার্টিফিকেট মামলা কিংবা অন্য আদালতে কোন মামলা থাকলে সংশ্লিষ্ট সংগঠন/সমিতিকে কোন জলমহাল বন্দোবস্ত প্রদান করা হবে না।

১০. বিজ্ঞপ্তিতে অন্তর্ভূক্ত সংশ্লিষ্ট জলমহালের ইজারা মূল্যের ২০% অর্থ ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জামানত হিসেবে ও আবেদন ফি বাবদ ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরৎ যোগ্য) সোনালী ব্যাংক/যে কোন তফসিল ব্যাংক হতে উপজেলা নির্বাহী অফিসার, কলিয়াকৈর, গাজীপুর বরাবর ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অথবা অনলাইনে সমপরিমান অর্থ জমা দিয়ে জমার স্লিপের কপি আবেদনের প্রিন্টেড কপির সাথে সংযুক্ত করে দাখিল করতে হবে। তবে অনলাইনে আবেদন ফি পরিশোধের ব্যবস্থাপনা থাকলে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার করার প্রয়োজন নেই। লীজ প্রাপ্ত সমিতির লীজ মানির সাথে উক্ত জামানতের টাকা সমন্বয় করা হবে। লীজপ্রাপ্ত হয়নি এমন সমিতির জামানত বাবদ প্রদত্ত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার ফেরত প্রদান করা হবে।

১১. সময়মত লীজ মানি পরিশোধ না করা, তথ্য গোপন করা কিংবা অন্য অনিয়মের কারণে কোন জলমহালের লীজ বাতিল করা হলে উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি উক্ত জলমহাল পুনরায় যথা নিয়মে লীজ প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন।

১২. লীজ গ্রহীতা কোন মৎস্যজীবি সংগঠন/সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল কোন অবস্থাতেই সাব-লীজ অথবা অন্য কোন ব্যক্তি/ গোষ্ঠীর নিকট হস্তান্তর করতে পারবেন না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবেন না। যদি তা করে থাকে তাহলে উক্ত লীজ বাতিল করা হবে এবং জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে। উক্ত লীজ গ্রহীতা মৎস্যজীবি সংগঠন/সমিতি পরবর্তী বছর জলমহাল বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেন না।

১৩. কোন মৎস্যজীবি সমবায় সমিতি/সংগঠন দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত পাবে না।

১৪. উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্তের প্রেক্ষিতে বন্দোবস্ত/ইজারা প্রাপ্ত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি কর্তৃক সাকুল্য ইজারা মূল্য সিদ্ধান্ত প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় আবেদনের সাথে সংযুক্ত জামানতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার বাজেয়াপ্ত করে পুনঃ ইজারার ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৫. সম্পূর্ণ ইজারা মূল্য পরিশোধের পর ইজারা গ্রহীতার নিজ দায়িত্বে নিজ ব্যয়ে ৩০০/- ( তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তিপত্র সম্পাদন করতে হবে। ইজারা চুক্তি সম্পাদনের সময় ০২ (দুই) কপি পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি দাখিল করতে হবে। ইজারা গ্রহীতা সমিতির গাফলাতির কারণে জলমহালের দখল প্রদানে বিলম্ব হলে এজন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১৬. ইজারা মূল্যের সাথে ইজারা মূল্যের উপর সরকার কর্তৃক আরোপিত ১০% আয়কর ও ১৫% অর্থ ভ্যাট যথারীতি প্রদান করতে হবে।

১৭. আবেদন ফরম ব্যবহারের মেয়াদ কেবলমাত্র নির্দিষ্ট তারিখ অর্থাৎ যে তারিখের জন্য ক্রয় হবে সেই তারিখে এবং যে জলমহালের জন্য করা হবে শুধুমাত্র সে জলমহালের ক্ষেত্রে দাখিলের জন্য প্রযোজ্য হবে। নির্ধারিত তারিখের পূর্বে ক্রয়কৃত কোন আবেদন ফরম দাখিল করা হলে তা বাতিল বলে গণ্য হবে। অর্থাৎ আবেদন ফরম ক্রয়ের পর আবেদন গ্রহণের কোন তারিখ অতিক্রান্ত হলে পরবর্তী কোন তারিখে এ আবেদন ফরমটি গ্রহণযোগ্য হবে না। উপরন্তু আবেদনের সাথে ব্যাংক ড্রাফট বাজেয়াপ্ত করা হবে।

১৮. বৎসরের যেকোন সময় ইজারা প্রদান করা হোক না কেন উক্ত ইজারা পহেলা বৈশাখ ১৪২৯ বাংলা সন হতে কার্যকর হবে।

১৯. অনুমোদিত ইজারা গ্রহীতা সরকার কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারবে না। সরকার কর্তৃক সকল আদেশ-নিষেধ ইজারা গ্রহীতা পালন করতে বাধ্য থাকবেন।

২০. জলমহাল ইজারা নেয়ার পর কোন সমিতি/সংগঠন জলমহাল ভরাট, আয়তনের হ্রাস/বৃদ্ধি বা অন্য কোন অজুহাত উত্থাপন করতে পারবেন না। প্রয়োজনে আবেদন দাখিলের পূর্বে সমিতি/সংগঠন সরেজমিন জলমহালের বাস্তব অবস্থা সম্পর্কে অবহিত হয়ে ইজারা কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে।

২১. অসম্পূর্ণ/অস্পষ্ট/ত্রুটিপূর্ণ/ঘষমাজা/কাটাকাটিযুক্ত আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে। আবেদন ফরমে কোন প্রকার ফ্লুইড ব্যবহার করা যাবে না।

২২. কোন জলমহালের উপর বিজ্ঞ আদালত কর্তৃক নিষেধাজ্ঞা স্থগিতাদেশ থাকলে ঐ জলমহালের উপর এ বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

২৩. অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেড কপি হিসেবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনে তথ্যাদি সঠিক মর্মে বিবেচিত হবে।

২৪. অনলাইনে আবেদন দাখিলের শেষ সময়সীমার পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে আবেদনের সকল তথ্যাদির প্রিন্টেড কপি সহ জলমহাল ইজারার জন্য জামাতের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মূল কপি সীলমুখবন্ধ খামে দাখিল করতে হবে। সীলগালাকৃত উল্লিখিত খামের উপরিভাগে জলমহাল ইজারা প্রাপ্তির জন্য আবেদন কথাগুলো স্পষ্টভাবে লিখতে হবে এবং খামের বাম পার্শ্বের নিম্নভাগে সমিতির নাম ও ঠিকানা লিখিত থাকতে হবে।

২৫. জলমহাল ইজারা প্রাপ্তির পর কোন অবস্থাতেই কৃত্রিম উপায়ে (পানি সেচ, রাসায়নিক প্রয়োগ ইত্যাদি) অবলম্বন করে মৎস্য আহরণ করা যাবেনা । এরূপ প্রমানিত হলে বন্দোবস্ত বাতিল করা হবে।

২৬. ইজারা মূল্য পরিশোধের সাথে সাথে অনুমোদিত আবেদনকারী সমিতি/সংগঠন স্ব উদ্যোগে ইজারা চুক্তি সম্পাদনক্রমে সংশ্লিষ্ট উপজেলা ভূমি অফিস হতে নিজ উদ্যোগে জলমহালের দখল গ্রহণ করবেন। অন্যথায় যথাসময়ে জলমহালের দখল না পাওয়ার অজুহাতে পরবর্তীতে কোন ওজর আপত্তি গ্রহণ করা যাবে না কিংবা কোন কর্তৃপক্ষ তা কোন আদালতে মামলা মোকদ্দমা করতে পারবে না। লিজ চুক্তি সম্পাদন ব্যতীত জলমহালের দখল প্রদান করা যাবে না।

২৭. ভূমি ব্যবস্থাপনা ম্যানুয়াল, ভূমি ব্যবস্থাপনা সংক্রান্ত সকল আইন ও সরকারী আদেশ যেগুলো এখানে উল্লেখ করা সম্ভব হয়নি, সেই আদেশের/আইনের সকল শর্তাবলী এই বিজ্ঞপ্তির ক্ষেত্রে প্রযোজ্য হবে। এছাড়া পরবর্তীতে সরকার কর্তৃক প্রদত্ত যেকোন আদেশ/ নির্দেশ এবং বিধিবিধান আবেদনকারী মেনে চলতে বাধ্য থাকবেন।

২৮. জলমহালের কোন অংশে স্থায়ী/অস্থায়ী বাঁধ/প্রতিবন্ধকতা স্থাপন করা যাবে না যাতে ফৌজদারি কার্যবিধির ১৩৩ ধারা অথবা ১৯৫০ সালের মৎস্য সংরক্ষণ আইনের বিধান লঙ্ঘিত হয়।

২৯. লীজগ্রহিতা জলমহালের পরিসীমা বজায় রাখবেন এবং সংরক্ষণ করবেন। জলমহালে কেউ যাতে অবৈধ অনুপ্রবেশ বে-আইনীভাবে দখল না করে তা নিশ্চিত করবেন।

৩০. ইজারা দেয়া কোন পুকুর ভুলক্রমে তালিকায় অর্ন্তভুক্ত হলে তা বাদ যাবে ।

৩১. জলমহাল সংক্রান্ত বিধিনিষেধ সর্বক্ষেত্রে প্রযোজ্য হবে।

৩২. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(তাজওয়ার আকরাম সাকাপি ইবনে সাজ্জাদ)
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়াকৈর, গাজীপুর।

বিজ্ঞপ্তি নং - ০৫.৪১.৩৩৩২.০০০.০৫.০০২.২২-১৩০ তারিখ ঃ ২৪/০২/২০২২খ্রি.

০১। জনাব আলহাজ্ব এ্যাডভোকেট আ.ক.ম. মোজাম্মেল হক, এম.পি, মাননীয় মন্ত্রী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২। জেলা প্রশাসক, গাজীপুর।
০৩। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), গাজীপুর।
০৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর।
০৫। মেয়র, কালীগঞ্জ পৌরসভা, কালিয়াকৈর, গাজীপুর।
০৬। সহকারী কমিশনার (ভূমি), কালিয়াকৈর, গাজীপুর। তাঁকে ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তাগণের মাধ্যমে বিজ্ঞপ্তিটি জনবহুল স্থানে মাইক/ঢোলসহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। অফিসার ইনচার্জ, কালিয়াকৈর থানা, কালিয়াকৈর, গাজীপুর।
০৮। উপজেলা ....................................... অফিসার (সকল), কালিয়াকৈর, গাজীপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
০৯। উপজেলা ........................................... অফিসার ও সদস্য-সচিব/সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, কালিয়াকৈর, গাজীপুর।
১০। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ অধিদপ্তর, কালিয়াকৈর, গাজীপুর (তাকে বহুল প্রচারের জন্য উপজেলার ওয়েব সাইটে আপলোড/প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১১। চেয়ারম্যান, ............................... ইউনিয়ন পরিষদ, কালিয়াকৈর, গাজীপুর। তাঁকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ........................ ইউনিয়ন ভূমি অফিস, কালিয়াকৈর, গাজীপুর। তাকে জলমহাল ইজারা প্রদানের বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট পুকুর/জনবহুল স্থানে ঢোলশহরত এবং মাইকিং এর মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতঃ নির্ধারিত তারিখের পূর্বেই এস, আর ফেরত পাঠানোর জন্য অনুরোধ করা হলো।
১৩। সভাপতি/সম্পাদক, ........................................................................................ , কালিয়াকৈর, গাজীপুর।
১৪। জনাব.................................................. ইজারাদার, ................................................, কালিয়াকৈর, গাজীপুর।
১৫। উপজেলা পরিষদ নোটিশ বোর্ড, কালিয়াকৈর, গাজীপুর।
**১৬। অফিস কপি।**

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়াকৈর, গাজীপুর।